

ভিডিওর মাধ্যমে লক্ষ লক্ষ মানুষের কাছে পৌঁছানো

ইমপ্যাক্ট
স্টাডি

১২

সংরক্ষণমূলক কৃষির জন্য ভিডিও

২০১২ সালে ‘সেইভ মোর, গ্রো মোর, আর্ন মোর’ নামের ২০ মিনিটের এ ভিডিওটি বাংলাদেশের কৃষি সংরক্ষণ নিয়ে নির্মিত হয়েছে। এ ভিডিওর ফুটেজ-গুলো নিয়ে ‘স্ট্রিপ টিলেজ’ ও ‘বেড প্ল্যান্টিং’ নামে আরও দুটো আড়াই মিনিট ভিডিও, একইরকমভাবে নীতি নির্ধারকদের জন্য পাঁচ মিনিটের একটি ভিডিও তৈরি করা হয়েছে।

বিতরণ এবং ইমপ্যাক্ট

এএস (AAS) [একটি বাংলাদেশি এনজিও], গ্রামের দোকান, কৃষি-উপকরণ বিক্রেতা এবং চা দোকানসহ দুই হাজার স্বেচ্ছাসেবকের কাছে ইংরেজি ও বাংলা ভাষায় ‘সেইভ মোর’ [Save More] ভিডিওটির ডিভিডি কপি বিতরণ করে। স্বেচ্ছাসেবকেরা ভিডিওটি গড়ে তিন থেকে ১৫ বার দেখায়। প্রায় ৯৬% স্বেচ্ছাসেবক, যারা ভিডিও পেয়েছেন, তারা নিজেরা দেখেছেন বা অন্যদের দেখিয়েছেন।



চা দোকানের মালিক তার ক্রেতাদের শিখন ভিডিও দেখাতে আগ্রহী

AAS এর ব্যবস্থাপনায় এক লাখ ১০ হাজারেরও বেশি কৃষক খোলা জায়গার ৪৮২টি বড়ো পর্দায় ভিডিওগুলো দেখে। AAS এবং স্বেচ্ছাসেবকদের যৌথ আয়োজনে বাংলাদেশের তিন লাখেরও বেশি কৃষক ভিডিওগুলো দেখে। যে-সব অঞ্চলে নারীরা পিছিয়ে তেমন এলাকায় আনুমানিক ১৫% দর্শক ছিল নারী।

বাংলাদেশে প্রায় ৩০ লাখ মানুষ ‘সেইভ মোর’ ভিডিওটি জাতীয় টেলিভিশনে দেখে। ভারতে Green TV তে ভিডিওটির হিন্দি সংস্করণ ১০০ মিলিয়নেরও বেশি মানুষ দেখার সুযোগ পায়।

২০১৫ সালের ডিসেম্বর নাগাদ, ৪১,০০০ কৃষক ১৬,০০০ হেক্টর জমিতে চাষাবাদের কৌশল গ্রহণ করে। ‘সেইভ মোর’ এবং ছোটো দুটি ভিডিও বাংলা ও ইংরেজিতে তৈরি করা হয়েছে এবং তারপরে ডাগারি, ফরাসি, হিন্দি, কুমাল, নেপালি, ফারসি এবং সিসালা ভাষায় অনুবাদ করা হয়েছে। CIMMYT নামের একটি আন্তর্জাতিক গবেষণা প্রতিষ্ঠান ‘স্ট্রিপ টিলেজ’ [Strip Tillage] ভিডিওটি চিনা ভাষায় উপ-শিরোনাম করে একটি সংস্করণ তৈরি করে এবং চৈনিক গবেষকদের প্রশিক্ষণে সেটি ব্যবহার করা হয়।

ভিডিওগুলো USAID সাহায্যপুষ্ট ফিড দ্য ফিউচার এর ওয়েবসাইটেও যুক্ত করা হয়েছিল। ২০১৪ সালে ওয়াশিংটন ডিসিতে ‘ফিড দি ফিউচার’ ফোরামের ৩০০ জন রাজনীতিবিদ এবং উচ্চপর্যায়ের কৃষি নীতি নির্ধারকদের ‘সেইভ মোর’ ভিডিও’র কিছু ক্লিপ দেখানো হয়। USAID ভিডিওগুলো অন-লাইনে ‘বুরো অব ফুড সিকিউরিটি’ [Bureau of Food Security]-এর কর্মীদের মাঝে বিতরণ করে Feed the Future কে নেতৃত্ব দেয়।

উপসংহার

দক্ষিণ এশিয়ায় ঘনবসতিপূর্ণ দরিদ্র জনগোষ্ঠীতে অনেক দরিদ্র কৃষক আছে যারা সংরক্ষণশীল কৃষি ও অন্যান্য উপযুক্ত প্রযুক্তি দ্বারা উপকৃত হতে পারে। কৃষিতথ্য পাওয়া কৃষকদের জন্য সবচেয়ে বড়ো চ্যালেঞ্জ। এই ভিডিওগুলোতে ব্যবহারিক, সঠিক গবেষণালব্ধ প্রযুক্তিগুলো এমন উচ্চ মানের যে, অন্য লোকেরা তাদের নিজস্ব সময় ব্যয় করে এগুলো অনুবাদ করতে বা দেখাতে আগ্রহী হয়েছে। কৃষকরা এই উদ্ভাবনগুলো নিয়ে পরীক্ষা-নিরীক্ষা করার জন্য অনুপ্রাণিত হয়েছে, যা চাষ সেবাদানকারীদের নতুন যন্ত্রপাতি উদ্ভাবনে উদ্বুদ্ধ করে।

এই কেস স্টাডি MEAS প্রজেক্ট এবং USAID এর সহযোগিতায় পরিচালিত

যোগাযোগ: জেফ বেন্টলে, jeff@agroinsight.com

Bentley, Jeffery W., Paul Van Mele, Md. Harun-ar-Rashid, & Timothy J. Krupnik 2016 Distributing and Showing Farmer Learning Videos in Bangladesh. *The Journal of Agricultural Education and Extension* 22(2): 179-197.



সারসংক্ষেপ ও
ছবি : জেফ
বেন্টলে